বিজ্ঞানমনস্ক জাতি গঠনে প্রতিশ্রুতিবদ্ধ

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
ওয়েবসাইট: www.nmst.gov.bd

নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০৫.১১.০০০১.২৪.৩৭১

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ / ৯ সেপ্টেম্বর ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের রাজস্বখাতের আওতায় নিম্নোক্ত শূন্য পদসমূহে অস্থায়ীভাবে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে অনলাইনে (https://nmst.teletalk.com.bd) দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক | পদের নাম | পদ সংখ্যা | বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা | যে সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ১। | সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ১ | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | সরকার কর্তৃক স্বীকৃত/অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী | সকল জেলা |
| ২। | সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | ১ | ২২,০০০-৫৩,০৬০/- (গ্রেড-৯) | সরকার কর্তৃক স্বীকৃত/অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী কমপক্ষে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী | |
| ৩। | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ১ | ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | সরকার কর্তৃক অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা | |
| ৪। | উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) | ১ | ১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড-১০) | সরকার কর্তৃক অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে ৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা | |

শর্তাবলী:

১। ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সকল পদে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ বছর হবে;

২। চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতিপত্র দাখিল করতে হবে;

৩। সকল পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন;

৪। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/প্রশাসক/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/প্রশাসক/পৌরসভার ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্রশাসক কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে;

৫। মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের আবেদনকারীকে সরকারের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র মৌখিক পরীক্ষায় দাখিল করতে হবে;

৬। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

৭। বিজ্ঞপ্তিতে বর্ণিত পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি, বিজ্ঞপ্তির যে কোন শর্তের সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে এবং নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে;

৮। নিয়োগ বিজ্ঞপ্তিতে চাহিত শিক্ষাগত যোগ্যতার চেয়ে অতিরিক্ত যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই;

৯। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি https://nmst.teletalk.com.bd এ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(a) Online -এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৫ সেপ্টেম্বর ২০২৫ তারিখ সকাল ১০.০০টা;

(b) Onine -এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৫ অক্টোবর ২০২৫ তারিখ বিকাল ০৫:০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদনপত্র Submit- এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

(খ) আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ Pixel × প্রস্থ ৮০ Pixel) এবং রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ Pixel × প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে;

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। আবেদনকারী যদি কোন ভুল বা অসত্য তথ্য দাখিল করে বা তথ্য গোপন করে এবং পরবর্তীতে তা সনাক্ত হয় সেক্ষেত্রে আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তার নিয়োগাদেশ বাতিল করা হবে;

(ঘ) প্রার্থী কর্তৃক Online -এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন;

(ঙ) SMS প্রেরণ এবং পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলি: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application preview দেখা যাবে। আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পমিার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা এবং এর সঠিকতার বিয়য়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত হয়ে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk pre-paid mobile নম্বরের সাহায্যে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১ থেকে ৪ -এ বর্ণিত পদের জন্য ২০০/- টাকা এবং সার্ভিস চার্জ বাবদ ২৩/- টাকা মোট ২২৩/- টাকা (অফেরতযোগ্য) অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **তবে, সকল গ্রেডের পদের ক্ষেত্রে অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) নিয়োগ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ৬/-(ছয়) টাকাসহ সর্বমোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘণ্টার মধ্যে জমা দিবেন।** বিশেষভাবে উল্লেখ্য,"Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না''। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন।

**প্রথম SMS: NMST**<space>**USER ID** লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: NMST ABCDEF
Reply: Applicant's Name, Tk. 223/56 will be charged as application fee. Your PIN is XXXXXXXXXXX. To pay fee Type NMST<space>Yes<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS: NMST**<space>**YES**<space>**PIN** লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: NMST YES 12345678
Reply. Congratulations Applicant's Name, Payment Completed Successfully for NMST Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://nmst.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়;

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিতে হবে। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন;

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(a) User ID জানা থাকলে:

**NMST**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222.
Example: NMST Help User ABCDEF & Send to 16222

(b) PIN Number জানা থাকলে:

**NMST**<space>**Help**<space>**PIN**<space>**PIN No** & Send to 16222.
Example: NMST Help PIN 12345678 & send to 16222.

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ওয়েবসাইটে http://nmst.gov.bd পাওয়া যাবে এবং নিয়োগের ফলাফলসহ যাবতীয় তথ্যাদি সময়ে সময়ে জানানো হবে। QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ঞ) Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যেকোন টেলিটক নম্বর হতে ১২১ এ অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইল, এছাড়াও টেলিটকের জব পোর্টাল এবং ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (ই-মেইল/মেসেজে এর subject এ Organization Name: NMST, Post. Name, Applicant's user ও ID contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

১০। ডিক্লারেশন; প্রার্থীকে অনইলাইনে আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এ মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের যেকোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

১১। অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোনো মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে এক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১২। নিয়োগ সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের ওয়েবসাইটে প্রবেশের QR Code

জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের টেলিটক পোর্টালে প্রবেশের QR Code

০৯/০৯/২৫
(মোঃ তৌহিদুল হাসান)
কিউরেটর
ও
সদস্য সচিব (রুটিন দায়িত্ব)
নিয়োগ/পদোন্নতি/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক বাছাই কমিটি-১

নম্বর: ৩৯.০৩.০০০০.০০০.০০৫.১১.০০০১.২৪.৩৭১/১(৭)

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩২ / ৯ সেপ্টেম্বর ২০২৫

**বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। এস.এম. আবু হান্নান, কিউরেটর (চলতি দায়িত্ব), জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর (বিজ্ঞপ্তিটি সংস্থার ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৫। সাঁট লিপিকার কাম কম্পিউটার অপারেটর (পিএ)মহাপরিচালক এর দপ্তর জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর।

৬। বিজ্ঞাপন ম্যানেজার, The Daily Star, ৬৪-৬৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫ (৪ কলাম ৫ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তিটি আগামী ২ (দুই) দিনের মধ্যে পত্রিকার ভেতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।

৭। বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ইত্তেফাক, ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ (৪ কলাম ৫ ইঞ্চি সাইজের বিজ্ঞপ্তিটি আগামী ২ (দুই) দিনের মধ্যে পত্রিকার ভেতরের পাতায় ১ (এক) দিন প্রকাশ করে বিল দাখিল করার জন্য অনুরোধ করা হলো)।

৯/৯/২০২৫
মোঃ আজিজুল ইসলাম
প্রশাসনিক কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)